পরমেশ্বরেণ ভাব্যম্। অত্র বিদ্বদনুভবোঽপি প্রমাণমিত্যাহ, মনোরিতি ত্রিভিঃ। অস্মৎ পিতুঃ পিতুঃ পিতামহ স্যাঙ্গস্য। প্রহ্লাদবলী তদানীং শাস্ত্রানেব জ্ঞাত্বা গণিতৌ। গদাভৃতা পরমেশ্বরেণ কৃত্যমস্তি হৃদয়ে বহিরপি আবির্ভূয় এষাং মুহুঃ কৃত্যসম্পাদনাৎ, তেন যৎকৃত্যং করণীয়ম্ তৎ তেষাস্তীত্যর্থঃ। তেষামেব তেন সহ কৃত্যমস্তি নান্যেষা-মিত্যর্থো বা। তদন্যাংস্তুনিন্দিতত্বেনাহ—মৃত্যোর্দৌহিত্র্যাদীন্ যেন প্রভৃতীন্ ধর্ম্মবিমোহিতান্। গদাভৃচ্ছব্দেন তন্নাম্না প্রসিদ্ধাৎ শ্রীবিষ্ণোরন্যত্র পরমেশ্বরত্বঃ বায়য়তি। শ্রুতিমুক্তিবিদ্বদনুভবেষু। তং গদাভৃতং বিশিনষ্টি বর্গেতি। বর্গোঽত্র ত্রিবর্গ। স্বর্গো ধর্ম্মস্য ফলম্। অপবর্গো মোক্ষঃ। তেষামৈকাত্ম্যেনৈরুপ্যেণ সর্ব্বান্তর্গতেন হেতুনা। তত্রাপি প্রায়েণ প্রচুরেণ হেতুনা। তদুক্তং স্কান্দে—বন্ধকোঃ ভবনাশেন ভবপাশাশ্চ মোচকঃ। কৈবল্যদঃ পরং ব্রহ্ম বিষ্ণুরেব সনাতনঃ॥ ইতি। অথ ভজনশ্রদ্ধা যথা—যৎপাদসেবাভিরুচিস্তপস্বিনামশেষজন্মোপচিতংমলং ধিয়ঃ। সদ্যঃক্ষিণোত্যন্বহমেধতী সতী যথা পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতা সরিৎ॥ বিনির্ধুতাশেষ মনোমলঃ পুমানসঙ্গবিজ্ঞান-বিশেষবীর্য্যবান্। যদঙ্ঘ্রি মূলে কৃতকেতনঃ পুনর্ন সাংসৃতিং ক্লেশবহাং প্রপদ্যতে॥ ২০৫॥

পৃথু মহারাজ প্রজাবর্গকে কহিলেন—হে অর্হত্তমগণ অর্থাৎ পূজনীয়তম-গণ! কোন কোন শ্রুতির তাৎপর্য্য বিজ্ঞগণের মতে সর্ব্বকর্ম্মফলদাতারূপে শ্রুতি প্রতিপাদিত যজ্ঞপতি নামে পরমেশ্বর আছেন। সেই পরমেশ্বরের অস্তিত্ব সম্বন্ধে নানা মুনিগণের নানাপ্রকার মতভেদ থাকায় পরমেশ্বরের অস্তিত্ব সিদ্ধি হইতে পারে না; এই আশঙ্কায় বলিতেছেন—ঈশ্বরের সত্বা না থাকিলে জগতের বিচিত্রতা ঘটিতে পারে না। এইজন্য অর্থাপত্তি প্রমাণ অবলম্বনে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করাইবার জন্য বলেন—এই জগতে প্রত্যক্ষসিদ্ধ এবং শাস্ত্রীয় প্রমাণ দ্বারা ও অনুমান দ্বারা দৃষ্টজগতের মত পরলোকেও জ্যোৎস্নামতী অর্থাৎ কান্তিমতী ভোগভূমি এবং দেহ কোনস্থানে দেখিতে ও শুনিতে পাওয়া যায়, কিন্তু সর্ব্বত্র দেখিতে বা শুনিতে পাওয়া যায় না। জগতের এই বিচিত্রতা—করিতে না করিতে ও অন্যথা করিতে সমর্থ ঈশ্বরশক্তি ভিন্ন স্বয়ং সিদ্ধ হইতে পারে না। এস্থানের অভিপ্রায় এই—জড়ের জড়ীয় কর্ম্মের অনুরূপ ফলদানের সামর্থ্য ঘটিতে পারে না। এইজন্য বেদান্তসূত্রেও উল্লেখ করা আছে—"ফলমত উপপত্তেঃ" পরমেশ্বর হইতে ফলপ্রাপ্তির সম্ভব হইতে পারে। আধুনিক দেবগণের কোনও স্বাতন্ত্র্য নাই। যেহেতু অন্তর্যামীর প্রেরণায় তাহারা কার্য্যক্ষম হইয়া থাকে। কর্ম্মগত সাম্য থাকিলে ফলগত তারতম্য ঘটিতে পারে না। কোথায় দেখা যায়—কর্ম্ম করিয়াছে কিন্তু ফলপ্রাপ্তিতে বঞ্চিত। অতএব পরমস্বতন্ত্র পরমেশ্বর আছেন—এ বিষয়ে মহানুভবগণের অনুভবও প্রমাণরূপে উল্লেখ করিতেছেন। স্বায়ম্ভুব মনু তৎপুত্র উত্তানপাদ মহারাজ তৎপুত্র মহারাজ